# ইনোভেশন টিম

বিশ্বায়নের প্রভাব ও তথ্য প্রযুক্তির অভাবনীয় উৎকর্ষতার কারণে পৃথিবীর অন্যান্য দেশের ন্যায় বাংলাদেশের আর্থ সামাজিক, রাজনৈতিক ক্ষেত্রসহ বিভিন্ন সরকারী-বেসরকারী ও বাণিজ্যিক প্রতিষ্ঠানে উল্লেখযোগ্য পরিবর্তন এসেছে। জীবনযাত্রার মান বৃদ্ধিসহ নাগরিক সুবিধাদি সহজলভ্য হয়েছে। জনগন এখন অধিকার সচেতন হওয়ায় তাঁরা সরকারের নিকট থেকে উন্নততর সেবা প্রত্যাশা করে। পরিবর্তিত প্রেক্ষাপটে বর্তমানে পাবলিক সেক্টরকে নতুনভাবে ঢেলে সাজাতে হচ্ছে। এ বাস্তবতায় সরকারের প্রাতিষ্ঠানিক সংস্কার কার্যক্রমের সুফল সুনির্দিষ্ট সময়সীমায় সুপরিকল্পিতভাবে জনগণের নিকট পৌঁছে দেয়ার পাশাপাশি জনপ্রশাসনে কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিকসেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজীকরণের পন্থা উদ্ভাবন ও চর্চার লক্ষ্যে সরকার প্রত্যেক মন্ত্রণালয়/ বিভাগ পর্যায়ে চিফ ইনোভেশন অফিসার এবং সংস্থা/ জেলা/ উপজেলা পর্যায়ে ইনোভেশন অফিসারের নেতৃত্বে একটি করে ইনোভেশন টিম গঠনের সিদ্ধান্ত গ্রহন করেছে।

বিশ্বায়নের উচ্চতর প্রশিক্ষণ/ শিক্ষা গ্রহণকারী, অতিরিক্ত দায়িত্বগ্রহন ও নতুন উদ্ভাবনীমূলক কাজে আগ্রহী, নেতৃত্ব প্রদানে সক্ষম, দলীয়ভাবে কাজ করতে স্বচ্ছন্দ এবং অন্যকে সহায়তা করার মানসিকতা ও ক্ষমতাসম্পন্ন কর্মকর্তাদের এই টিমের সদস্য হিসেবে মনোনয়নের জন্য বিবেচনা করা হয়।

**ইনোভেশন টিমের কার্যপরিধিঃ**

- স্ব-স্ব কার্যালয়ের সেবা প্রদান প্রক্রিয়া এবং কাজের অভ্যন্তরীণ প্রক্রিয়ায় গুণগত পরিবর্তন আনা
- এই সংক্রান্ত কার্যক্রমের বাৎসরিক কর্মপরিকল্পনা প্রণয়ন এবং বছরের শুরুতে মাসিক সমন্বয় সভায় অনুমোদন গ্রহণ ও বাস্তবায়ন
- প্রতিমাসে টিমের সভা অনুষ্ঠান, কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং মাসিক সমন্বয় সভায় উপস্থাপন
- মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা/জেলা/উপজেলা পর্যায়ে গঠিত সংশ্লিষ্ট অন্যান্য ইনোভেশন টিমের সাথে যোগাযোগ ও সমন্বয় সাধন এবং
- প্রতি বছরের ৩১ জানুয়ারির মধ্যে পূর্ববর্তী বছরের একটি পূর্ণাঙ্গ বাৎসরিক প্রতিবেদন প্রণয়ন, তা মন্ত্রিপরিষদ বিভাগে পাঠানো ও নিজ ওয়েবসাইটে প্রকাশ করা।

**এলজিইডি'র ইনোভেশন টিমঃ**

| **নাম** | **পদবী** | **যোগাযোগ** |
|---|---|---|
| **ইনোভেশন অফিসার** | | |
| জনাব মোঃ জসিম উদ্দিন | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা), এলজিইডি সদর দপ্তর। | মোবাইলঃ ০১৭০৮১২৩১১৩, ই-মেইলঃ se.planning@lged.gov.bd |
| **ইনোভেশন টিমের সদস্যবৃন্দ** | | |
| জনাব মোহাঃ শরীফ উদ্দীন | নির্বাহী প্রকৌশলী (শৃংখলা ও তদন্ত), এলজিইডি সদর | মোবাইলঃ ০১৭১১১৭২৯৬১, ই-মেইলঃ xen.admin.di@lged.gov.bd |

| | | |
|---|---|---|
| | দপ্তর। | |
| নুরজাহান | নির্বাহী প্রকৌশলী (আইসিটি), এলজিইডি সদর দপ্তর। | মোবাইলঃ ০১৭১১১৫০৮৭৬, ই-মেইলঃ xen1.ict@lged.gov.bd |
| জনাব মোহাম্মদ শফিউল্লাহ | নির্বাহী প্রকৌশলী (পরিকল্পনা), এলজিইডি সদর দপ্তর। | মোবাইলঃ ০১৭২৭৪১৭৭৫৭, ই-মেইলঃ xen2.planning@lged.gov.bd |
| তাপস চৌধুরী | নির্বাহী প্রকৌশলী (সেতু ডিজাইন), এলজিইডি সদর দপ্তর। | মোবাইলঃ ০১৭১৩৩১১৭৪০, ই-মেইলঃ tapaschowdhury@gmail.com |
| সোহানা পারভীন | সিনিয়র সহকারী প্রকৌশলী (পিএমই), এলজিইডি সদর দপ্তর। | মোবাইলঃ ০১৭০৮১২৩২৬৬, ই-মেইলঃ shohansrc@yahoo.com |
| তানজিলা ইসলাম | সহকারী প্রকৌশলী, গবেষণা ও উন্নয়ন সেল, এলজিইডি সদর দপ্তর। | মোবাইলঃ ০১৯১৩৪৫২৮৩৫, ই-মেইলঃ tanzila.emon@gmail.com |